

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে  
মুক্তিযোদ্ধা ও বাংলাদেশের প্রখ্যাত ভাস্কর  
ফেরদৌসী প্রিয়ভাষিণীর চিকিৎসাসেবা চলছে পরম মমতায়

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ৫১২নং কেবিনে চিকিৎসাধীন মুক্তিযোদ্ধা ও বাংলাদেশের প্রখ্যাত ভাস্কর ফেরদৌসী প্রিয়ভাষিণীর চিকিৎসাসেবা চলছে পরম মমতায়। ১৯৪৭ সালে জন্ম নেয়া বাংলাদেশের এই গুণী মানুষটির চিকিৎসাসেবার বিষয়টি সরাসরি তত্ত্বাবধান করছেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। তিনি প্রত্যেক দিন দু'বার করে মুক্তিযোদ্ধা ফেরদৌসী প্রিয়ভাষিণীকে দেখতে যান ও তাঁর চিকিৎসাসেবার খোঁজ-খবর নিয়ে যাচ্ছেন। আজ ৬ ডিসেম্বর ২০১৭, বুধবার সকালেও তিনি কেবিন ব্লকে গিয়ে ফেরদৌসী প্রিয়ভাষিণীর চিকিৎসাসেবার খোঁজ-খবর নেন ও দীর্ঘক্ষণ সেখানে অবস্থান করে সংশ্লিষ্ট বিভিন্ন বিভাগের বিশেষজ্ঞ চিকিৎসকদের ডেকে নিয়ে আসেন। ফেরদৌসী প্রিয়ভাষিণী বিভিন্ন সময়ে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে চিকিৎসা নিয়েছেন। তিনি গত ২৩ নভেম্বর হেপাটোলজি (লিভার) বিভাগের সহযোগী অধ্যাপক ডা. মামুন আল মাহতাব স্বপ্নীল-এর অধীনে ভর্তি হন। তিনি ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ ছাড়াও লিভার, কিডনী, ইউরিন ও থাইরয়েডের নানা সমস্যা ও জটিলজনিত বিভিন্ন রোগে ভুগছেন। এছাড়াও তাঁর বাম পায়ের গোড়ালিতে সমস্যা রয়েছে। আজ বুধবার সকালে মাননীয় উপাচার্য মহোদয়ের নির্দেশে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের কার্ডিওলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. সজল কৃষ্ণ ব্যানার্জী, অর্থোপেডিক সার্জারি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. নকুল কুমার দত্ত, এ্যানেসথেশিয়া বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. দেবব্রত বণিকসহ বিভিন্ন বিভাগের বিশেষজ্ঞ চিকিৎসকবৃন্দ প্রখ্যাত ভাস্কর ফেরদৌসী প্রিয়ভাষিণীর স্বাস্থ্য পরীক্ষা ও প্রয়োজনীয় পরামর্শসেবা প্রদান করেন। এসময় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত পরিচালক (হাসপাতাল) বিজ্ঞেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন উপস্থিত ছিলেন।

